DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 14 Nov 2026, 04:08 PM

বিনোদন

জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতায় দ্বিতীয় ধর্মপাশার নাবিল

প্রতিবেদক: সুনামগঞ্জ প্রতিনিধি
প্রকাশের তারিখ: শুক্রবার, ১৩ নভেম্বর ২০২৬, ০২:৩৪ PM



জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতায় দ্বিতীয় ধর্মপাশার নাবিল

৩১তম জাতীয় হিফজুল কুরআন প্রতিযোগিতা-২০২৬-এর সুনামগঞ্জ জেলা পর্যায়ের বাছাইপর্বে ১০ পারা গ্রুপে দ্বিতীয় স্থান অর্জন করেছে ধর্মপাশা উপজেলার ক্ষুদে হাফেজ নাবিল আহমদ।

নাবিল উপজেলার সেলবরষ ইউনিয়নের খলাপাড়া গ্রামের বাসিন্দা। তার বাবা হাজী হাফেজ মুহাম্মদ নূরুল হুদা। সে বাদশাগঞ্জ এলাকার সিংপুরের ঐতিহ্যবাহী দারুল উলুম আল-আরাবিয়া মাদরাসার শিক্ষার্থী।

জেলা পর্যায়ের এ প্রতিযোগিতায় কৃতিত্বপূর্ণ ফল অর্জনের পর এবার বিভাগীয় পর্যায়ে অংশ নেওয়ার সুযোগ পেয়েছে নাবিল। আগামী ১৫ নভেম্বর অনুষ্ঠিত হবে বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতা।

নাবিলের এ সাফল্যে তার পরিবার, শিক্ষক, সহপাঠী ও এলাকাবাসীর মধ্যে আনন্দের সৃষ্টি হয়েছে। পরবর্তী ধাপেও ভালো ফল অর্জনের জন্য তার কাছে দোয়া চেয়েছেন শুভাকাঙ্ক্ষীরা।

এদিকে হুফফাজুল কুরআন ফাউন্ডেশন বাংলাদেশ-এর ধর্মপাশা উপজেলা শাখার সাধারণ সম্পাদক হাফিজ মাওলানা মাহমুদ হাসান মজুমদার নাবিলকে অভিনন্দন জানিয়েছেন। তিনি বিভাগীয় পর্যায়ের প্রতিযোগিতায়ও নাবিলের সাফল্য কামনা করেন।

নাবিলের এ অর্জনে ধর্মপাশা ও বাদশাগঞ্জ এলাকার মানুষের মধ্যে আনন্দ ও গর্বের অনুভূতি তৈরি হয়েছে।

এ বিভাগের আরও খবর



এক দশকের দাম্পত্য জীবনের অবসান, বাংলাদেশে ফিরেছেন শাকিলা জাফর

প্রায় এক দশকের দাম্পত্য জীবনের ইতি টেনে বাংলাদেশে ফিরেছেন কবি ও সাবেক করপোরেট নির্বাহী শাকিলা জাফর। ভারতের কবি ও সাবেক করপোরেট নির্বাহী রবি...



অভিনয়ে ফিরতে চান খলনায়িকার চরিত্রে, জানালেন ক্যাটরিনা

দিনভর শুটিং শেষে বাড়ি ফেরেন ভিকি কৌশল। এরপর ক্লান্তি ভুলে মন দেন সন্তান ও সংসারে। স্বামী ও বাবা হিসেবে ভিকির এই দায়িত্ববোধ মুগ্ধ করেছে বলিউড...



স্তন ক্যানসারে মারা গেলেন অভিনেত্রী তুলনা

মাস ছয়েক আগে শরীরে ক্যানসার ধরা পড়েছিল মডেল, অভিনেত্রী ও উপস্থাপিকা তুলনা আল হারুনের। এরপর চলছিল চিকিৎসা। তবে শেষ পর্যন্ত বাঁচানো গেল না তাক...



আজ যমুনা ফিউচার পার্কে জেমসের কনসার্ট

দক্ষিণ এশিয়ার সর্ববৃহৎ শপিং কমপ্লেক্স রাজধানীর যমুনা ফিউচার পার্কে আজ শুক্রবার গান শোনাবেন দেশের ব্যান্ড সংগীতের জনপ্রিয় তারকা মাহফুজ আনাম জ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/entertainment/jatiy-hifjul-kuran-prtijogitay-dbitiy-dhrmpashar-nabil